ভোরের

তারিখ ...

পৃষ্ঠা ... কলাম ...

# তথ্যপ্রযুক্তি, শিক্ষা ও সেবা প্রতিষ্ঠানের ওপর ৩ দিনের মেলা শুক্রবার থেকে

কাগজ প্রতিবেদক : আগামী ২ আগস্ট শুক্রবার থেকে দেশীয় ও আন্তর্জাতিক সেবা প্রদানকারী প্রতিষ্ঠান, তথ্যপ্রযুক্তি এবং আন্তর্জাতিক বিশ্ববিদ্যালয়ের ওপর ৩ দিনব্যাপী এক মেলার আয়োজন করা হয়েছে।

বাণিজ্যমন্ত্রী আমীর খসরু মাহমুদ চৌধুরী শুক্রবার সকাল স'ড়ে ১০টায় হোটেল সোনারগাঁওয়ে অনুষ্ঠেয় এ মেলার উদ্বোধন করবেন। মেলাটি সকাল ১০টা থেকে রাত ৮টা পর্যন্ত উন্মুক্ত থাকবে।

সার্বিক মেলাটিকে বিষয়ভিত্তিক ৩টি নামে অভিহিত করা হয়েছে। সেবা প্রদানকারী প্রতিষ্ঠানসমূহকে নিয়ে সার্ভিস্কপো ২০০২ মেলাতে অংশ নিচ্ছে ফেন্টাসি কিংডম, মালয়েশিয়া এয়ার লাইন্স, ইরান এয়ারলাইন্স, বেস্ট এভিয়েশন, ব্যাংকক হসপিটাল, ডিভিএইচ, ক্যাব এক্সপ্রেস (বিডি) লিমিটেড, কসমো ক্যাব প্রাইভেট লিমিটেডসহ ১৬টি প্রতিষ্ঠান।

তথ্যপ্রযুক্তি, টেলিযোগাযোগ, অফিস ইকুইপমেন্ট ইত্যাদি সামগ্রী নিয়ে আয়োজিত কমটেক-২০০২ মেলাতে বিডিকম অনলাইন লিমিটেড, এইচ আর সি টেকনোলজিস, বাংলাদেশ অনলাইন লিমিটেড, ফ্লোরা লিমিটেডসহ ১৮টি প্রতিষ্ঠান অংশ নিচ্ছে।

আন্তর্জাতিক বিশ্ববিদ্যালয় ও বিশ্বের বিভিন্ন দেশে অভিবাসন সেবা প্রদানকারী প্রতিষ্ঠানদের নিয়ে এডিমএক্সপো-২০০২ মেলাতে অংশ নিচ্ছে স্টেট ইউনিভার্সিটি, ইন্টারন্যাশনাল ইসলামিক ইউনিভার্সিটি (চট্টগ্রাম), গেটওয়ে মুভিস ইন্টারন্যাশনাল, এ টু জেড স্টাডি, ডেমক্রেসিওয়াচ এডুকেশন, আইবিসিএস-প্রাইমেক্সসহ ১৫টি প্রতিষ্ঠান।

দেশের শীর্ষস্থানীয় ইভেন্ট ম্যানেজমেন্ট প্রতিষ্ঠান সেমস মেলার সার্বিক ব্যবস্থাপনার দায়িত্ব পালন করছে। গতকাল হোটেল সোনারগাঁওয়ে আয়োজিত এক সংবাদ সম্মেলনে সেমসের ব্যবস্থাপনা পরিচালক মেহেরুন এন ইসলাম মেলা বিষয়ে উপরোক্ত তথ্য প্রকাশ করেন।